দৈনিক বাংলা

তারিখ ... ২৭।৯।৭৪ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

122

# পাউণ্ড ও ডলারের দাম উঠতির দিকে

(স্টাফ রিপোর্টার)

ঢাকায় পাউন্ড স্টার্লিং ও ডলারের দাম এখন উঠতির দিকে। গত দু-তিনদিন যাবৎ পাউন্ড স্টার্লিংয়ের দাম দ্রুত বেড়ে চলেছে। গতকাল পাউন্ড স্টার্লিংয়ের দাম একলাফে ২ টাকা ১১ পয়সা বৃদ্ধি পেয়েছে। গতকাল ঢাকায় প্রতি পাউন্ড স্টার্লিংয়ের দাম ছিল ৪০ টাকা ৭, পয়সা। সোমবার ৩৭ টাকা ৯৬ পয়সায় প্রতি পাউন্ড স্টার্লিং বিক্রি হয়েছে।

গতকাল সোনালী ব্যাংকে অনুষ্ঠিত ওয়েজ আর্নার স্কীমের নীলামে প্রতি পাউন্ড স্টার্লিংয়ের দাম ছিল ৪০ টাকা ৭পয়সা। এবং ডলারের দাম ছিল ২০ টাকা ৪১ পয়সা। এর আগের দিন—সোমবার প্রতি ডলার ২০ টাকা ২৫ পয়সায় বেচা-কেনা হয়েছে। পর্যবেক্ষক মহল মনে করছেন: হজযাত্রার প্রক্কালে হজযাত্রীগণ পাউন্ড—স্টার্লিং কেনা শুরু করার ফলে দাম বৃদ্ধি পেয়েছে। তাছাড়া গত ২২শে সেপ্টেম্বর পাউন্ডের সাথে টাকার মূল্যমান পুনঃনির্ধারণও মূল্যবৃদ্ধির অন্যতম